

তারিখ: ২৬ জানুয়ারি, ২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৬-০১-২০২৬ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; বিএসটিআই; জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর; কৃষি বিপণন অধিদপ্তর; ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন; উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা; জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঢাকা ও জেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে খানমন্ডি, হাউজ -৮০, রোড-৮/এ অবস্থিত “ইউনিমার্ট” হাউজ -৮০, রোড-৮/এ সুপারশপে সমন্বিত অভিযান পরিচালনা করা হয়।

উক্ত অভিযানে মাছ, মাংস, মুরগি, শাকসবজি এবং মুদি দোকানে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়:

পরিদর্শনের তারিখ বাজারের নাম ও ঠিকানা চিহ্নিত ত্রুটিসমূহ করণীয় নির্দেশনা/সুপারিশ

১। গরুর কলিজা, মাথা, মগজ এবং মাংস একই সাথে ডিসপোজে সংরক্ষণ করা হয়েছে। পৃথকভাবে সংরক্ষণ করতে পরামর্শ প্রদান করা হয়েছে।

২। কিছু নন ব্র্যান্ডের খাদ্যপণ্য (যেমন- বাকরখানি, তিলেরখাজা, চানাচুর ইত্যাদিতে) বিএসটিআইয়ের b মার্ক লাইসেন্সের অনুমোদন নেই। বি এ স টি আই এর লাইসেন্স যুক্ত করার নির্দেশনা দেয়া হয়।

৩। হোমমেড আচার বিক্রি করা হচ্ছে যার প্রয়োজনীয় ল্যাব রিপোর্ট এবং অন্যান্য ডকুমেন্টস তাৎক্ষণিক দেখাতে পারেনি। হোমমেইড খাদ্যপণ্যের ল্যাব রিপোর্ট সহ প্রয়োজনীয় কাগজপত্র পরবর্তীতে প্রেরণ করতে বলা হয়েছে।

৪। কসাইখানা অপরিষ্কার এবং উন্মুক্ত দেখা যায়। কসাইখানা পরিষ্কার রাখতে হবে। একই সাথে কাটিং এবং মিট ইউনিট আলাদা করার ব্যবস্থা গ্রহন করতে পরামর্শ দেয়া হয়।

উক্ত অভিযানে জনাব বি. এম রুহুল আমিন রিমন (উপপরিচালক), বিএফএসএ নেতৃত্ব প্রদান করেন। অভিযানে বিএফএসএর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন।

২৬.০১.২০২৬

বি. এম রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।